

ভারতে সরকারি সফরে কাতারের বিদেশমন্ত্রী
(অগস্ট ২৫-২৭, ২০১৭)

কাতারের বিদেশমন্ত্রী শেখ মহম্মদ বিন আবদুলরহমান আল-থানি ভারত সফর করলেন ২৫-২৬ অগস্ট। কাতারের সম্মাননীয় প্রতিনিধিদের স্বাগত জানান পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজ। প্রতিনিধি পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয় ২৬ অগস্ট, যেখানে পারস্পরিক স্বার্থজনিত দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয় নিয়ে তাঁরা আলোচনা করেন। উভয় দেশের উচ্চ পর্যায়ের সফরে পারস্পরিক স্বার্থজনিত বিষয় নিয়ে আলোচনার অগ্রগতির পর্যালোচনা করে উভয় পক্ষ।

সফররত কাতারের মন্ত্রী সাক্ষাৎ করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে এবং কাতারের আমীরের পাঠানো একটি পত্র তাঁর হাতে তুলে দেন। তিনি বিশেষ ভাবে সাক্ষাৎ করেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা শ্রী অজিত দোভালের সঙ্গে।

শক্তি নিরাপত্তায় অবদানের জন্য কাতারকে ধন্যবাদ জানায় ভারত, তারা ভারতে বৃহত্তম এলএনজি সরবরাহকারী। কাতারের সফরতর মন্ত্রী আমাদের আশ্বস্ত করেছেন, শক্তি সরবরাহের ক্ষেত্রে কাতার সর্বদা সহযোগিতা করে যাবে বলে।

শেখ মহম্মদ কাতারের বৃহত্তম প্রবাসী গ্রুপ হিসাবে পরিচিত ৬৩০,০০০ শক্তিশালী ভারতীয় সম্প্রদায়ের অবদানের জন্য প্রশংসা করেছেন। মন্ত্রী আমাদের আশ্বস্ত করেছেন ভারতীয় সম্প্রদায়ের সুরক্ষা, কল্যাণ ও নিরাপত্তার বিষয়টি এবং ভারতীয় পক্ষকে জানানো হয়েছে, কাতারের নতুন শ্রম আইন দক্ষ শ্রমিকদের জন্য তৈরি করা হয়েছে।

আসন্ন ফিফা-২০২২ সংক্রান্ত পরিকাঠামো-সহ কাতারের পরিকাঠামোগত উন্নয়নে ভারতীয় সংস্থাগুলির অংশগ্রহণের বিষয়টি স্বাগত জানায় কাতার। যে ঘটনার কৃতজ্ঞতা স্বীকার করেছে স্বাগত জানিয়েছে ভারত।

আঞ্চলিক বিষয়ের প্রেক্ষিতে শেখ মহম্মদ উপসাগরীয় অঞ্চলের পরিস্থিতি ভারতের কাছে তুলে ধরেন। উপসাগরীয় অঞ্চলের শান্তি ও নিরাপত্তা ও সমৃদ্ধির জন্য ভারতের গুরুত্বপূর্ণ অবস্থান প্রসঙ্গে তাঁকে অবগত করা হয়। সন্ত্রাসবাদ, হিংসাত্মক চরমপন্থা এবং ধর্মীয় অসহিষ্ণুতা শুধুমাত্র আঞ্চলিক স্থিতিশীলতার ক্ষেত্রেই নয়, আন্তর্জাতিক শান্তি ও সার্বভৌমত্বের ক্ষেত্রেও বড়সড় হুমকি। ভারত দৃঢ়ভাবে বিশ্বাস করে গঠনমূলক সংলাপ এবং শান্তিপূর্ণ আলোচনার মাধ্যমে মতপার্থক্য মেটানো সম্ভব।

নয়াদিল্লি

অগস্ট ২৬, ২০১৭